গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়
পরিষদ-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(www.mochta.gov.bd)

বিষয়: তিন পার্ব ্য জেলার নপ্রতিনিধি,সার্কেল চীফ, হেডম্যান ও কার্বারীদের সাথে মাননীয় প্রধানমন্ত্রীর মতবিনিময় করার নির্া ত্ত অনুষ্ঠিত ্য প্রস্তুতিমূলক সভার কার্যবিবরনী।

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব নব বিক্রম কিশোর ত্রিপুরা,এনডিসি।<br>সচিব<br>পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয় |
| সভার স্থান | : | মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ |
| সভার তারিখ | : | ১৬/১১/২০১৬খ্রি: |

সভায় উপস্থিত সদস্যগণের তালিকা পরিশিষ্ট ''ক''।

সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে এবং পারস্পরিক পরিচিতির মাধ্যমে সভার কাজ শুরু করেন। তিনি বলেন যে, পার্বত্য চট্টগ্রামের শতাব্দী প্রাচীন তিনটি ঐতিহ্যবাহী প্রতিষ্ঠান হলো সার্কেল চীফ, হেডম্যান ও কার্বারী। যুগ পরিক্রমায় প্রথাগতভাবে এ অঞ্চলের ভূমির খাজনা আদায়, সামাজিক বিচার পরিচালনাসহ সামাজিক, সাংস্কৃতিক ও উন্নয়নমূলক নানাবিধ কর্মকান্ড তারা সম্পাদন করে থাকেন। মাননীয় প্রধানমন্ত্রীর সানুগ্রহে গত ১৮ সেপ্টেম্বর ২০১২ সনে তিন পার্বত্য জেলার সার্কেল চীফ ও হেডম্যানদের সাথে গণভবনে প্রথমবারের মত্ মাননীয় প্রধানমন্ত্রীর সাথে মত বিনিময় সভা অনুষ্ঠিত হয়। জনপ্রতিনিধি, সার্কেল চীফ, হেডম্যান ও কার্বারীদের সাথে পূর্বের ন্যায় মত বিনিময় অনুষ্ঠান আয়োজনে প্রধানমন্ত্রীর সানুগ্রহ সম্মতি প্রদানের নিমিত্ত গত ২২/৮/২০১৬ তারিখে মাননীয় প্রধানমন্ত্রীর নিকট সার-সংক্ষেপ প্রেরণ করা হয়। মাননীয় প্রধানমন্ত্রী সার-সংক্ষেপ অনুমোদন করেছেন। মত বিনিময় সভার তারিখ ও সময় মাননীয় প্রধানমন্ত্রীর সহকারী একান্ত সচিব-১ এর সাথে যোগাযোগ করে নির্ধারণ করা হবে। তিনি বলেন মতবিনিময় সভায় তিন পার্বত্য জেলা থেকে সিএইচটি হেডম্যান নেটওয়ার্কের কতজন সদস্য বক্তব্য দিবেন এবং কার্বারীদের মধ্যে কতজন বক্তব্য দিবেন তার তালিকা পূর্বাহ্নে দিতে হবে। পূর্বের ন্যায় এবারও মতবিনিময় সভায় মাননীয় প্রধানমন্ত্রীর জন্য কিছু উপহার সামগ্রী প্রদান করা হবে। উপহারসমূহে যেন পার্বত্য চট্টগ্রামের ঐতিহ্য ও সংস্কৃতি প্রতিফলিত হয় সেদিকে লক্ষ্য রাখতে হবে। তিনি আরো বলেন যে, তিন পার্বত্য জেলার হেডম্যান ও কাবরিদের নাম, ঠিকানা ও ছবিসহ তালিকা থাকা দরকার। তিনি এ বিষয়ে সিএইচটি হেডম্যান নেটওয়ার্কের প্রতিনিধিবৃন্দের দৃষ্টি আকর্ষণ করেন এবং পার্বত্য জেলাসমূহের হেডম্যান, কার্বারীদের নাম,ঠিকানা ও ছবিসহ তালিকা প্রেরণের জন্য বলেন। প্রধানমন্ত্রীর সাথে মতবিনিময় সভায় বক্তৃতা কারা দিবে তা সিএইটি হেডম্যান নেটওয়ার্ক ঠিক করে দিবে। আগামী জানুয়ারি/২০১৭ মাসে ১ম/২য় সপ্তাহে প্রধানমন্ত্রীর সাথে মতবিনিময় সভা হতে পারে। পার্বত্য জেলাসমূহের জনপ্রতিনিধিরাও মাননীয় প্রধানমন্ত্রীর মতবিনিময় সভায় উপস্থিত থাকবেন।

২। সিএইটি হেডম্যান নেটওয়ার্কের সহ-সভাপতি জনাব শক্তিপদ ত্রিপুরা অদ্যকার সভা আয়োজনের জন্য ধন্যবাদ জানিয়ে বলেন এ মন্ত্রণালয়ের মাধ্যম গত ১৮ সেপ্টেম্বর ২০১২ সনে যে ভাবে সুষ্ঠুভাবে অনুষ্ঠান হয়েছিল এবারও ঠিক সেভাবে হবে। মতবিনিময় সভায় বক্তব্য প্রদানের জন্য তিন পার্বত্য জেলা থেকে তিনজন এবং সিএইচটি হেডম্যান নেটওয়ার্ক থেকে একজন হেডম্যান বক্তব্য দিবেন। তিনি বলেন পার্বত্য জেলাসমূহের হেডম্যান ও কার্বারীদের তালিকা হালনাগাদ করা হয়েছে এবং শীঘ্রই পাওয়া যাবে। তিন পার্বত্য জেলাতে ২০০ এর মত নারী কার্বারী আছে। নারী কার্বারীদের অগ্রাধিকার দিয়ে আমন্ত্রণ জানানোর জন্য তিনি অনুরোধ করেন। পার্বত্য জেলাসমূহে সার্কেল চীফ, হেডম্যান ও কার্বারীরা এলাকার মৌজা বন, রিজার্ভ ফরেস্ট, খাজনা আদায়,বিভিন্ন সামাজিক, সাংস্কৃতিক অনুষ্ঠানসহ নানাবিধ দায়িত্ব পালন করে থাকেন।

৩। সিএইটি হেডম্যান নেটওয়ার্কের সাংগাঠনিক সম্পাদক জনাব থোয়াই অং মারমা বলেন মাননীয় প্রধানমন্ত্রীর ঐকান্তিক প্রচেষ্টায় পার্বত্য চট্টগ্রাম চুক্তি হয়েছিল। তিনি বলেন বঙ্গবন্ধু প্রথমে পার্বত্য চট্টগ্রামের ঐতিহ্যগত প্রতিষ্ঠান সার্কেল চীফ, হেডম্যান ও কার্বারীদের সম্মানীভাতার ব্যবস্থা করেছিলেন। তিন পার্বত্য জেলা থেকে মতবিনিময় সভায় কতজন হেডম্যান ও কার্বারী আসবেন তা মন্ত্রণালয় নির্ধারণ করে দিবেন। তিনি এক্ষেত্রে মহিলা হেডম্যানদেরকে ১০০% ও মহিলা কার্বারীদের ৬০% অগ্রাধিকার দেয়ার জন্য অনুরোধ করেন। জেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসারের সভাপতিত্বে পরিবেশ ও বন সংক্রান্ত সমন্বয় সভাগুলিতে হেডম্যান এসোসিয়েশনের প্রতিনিধিত্ব নিশ্চিত করার জন্য তিনি অনুরোধ জানান।

অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য

৪। সিএইটি হেডম্যান নেটওয়ার্কের সাধারণ সম্পাদক জনাব শান্তি বিজয় চাকমা পার্বত্য জেলাসমুহের সার্কেল চীফ, হেডম্যান ও কার্বারীদের মন্ত্রণালয় কর্তৃক সম্মানীভাতা বৃদ্ধির উদ্যোগ গ্রহণ করার জন্য ধন্যবাদ জানান। তিনি তিন পার্বত্য জেলায় হেডম্যান কার্যালয় নির্মানের জন্য অনুরোধ করেন। এ প্রসংগে সচিব বলেন হেডম্যান কার্যালয় নির্মাণের জন্য ডিপিপি তৈরি করতে হবে। এ বিষয়ে আলাদা সভা করে সংশ্লিষ্ট সকলের মতামত নেয়া হবে।

৫। সভাপতি বলেন আঞ্চলিক পরিষদ ও তিন পার্বত্য জেলা পরিষদ ছাড়া অন্যান্য স্থানীয় সরকার প্রতিষ্ঠানগুলো এখনও পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়ের অধীনে আসেনি। সার্কেল চীফ, হেডম্যান ও কার্বারীদের মাসিক সম্মানী ভাতা বৃদ্ধির জন্য অত্র মন্ত্রণালয় থেকে গত ১৮/৮/২০১৬ তারিখে ভূমি মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণ করা হয় এবং ১৪/১১/২০১৬ তারিখে তাগিদপত্র দেয়া হয়। পার্বত্য জেলাসমুহের সার্কেল চীফ, হেডম্যান ও কার্বারীদের সম্মানীভাতা বৃদ্ধির বিষয়টি ভূমি মন্ত্রণালয়ের আওতাধীন। তিনি সরকারী ভাতা প্রাপ্ত এবং ভাতাবিহীন হেডম্যান ও কার্বারীদের ক্যাটাগরি করে তালিকা প্রণয়নের জন্য পরামর্শ প্রদান করেন। তিনি মৌজা হেডম্যানদের কার্যালয় নির্মাণের জন্য মন্ত্রণালয়ের পরিকল্পনা শাখাকে ডিপিপি তৈরি করার নির্দেশনা প্রদান করেন। মাননীয় প্রধানমন্ত্রীর মতবিনিময় অনুষ্ঠানে মহিলা হেডম্যানসহ সকল হেডম্যানগণ উপস্থিত থাকবেন। তবে কার্বারীদের মধ্যে কতজন মতবিনিময় সভায় উপস্থিত থাকবেন সেটি মন্ত্রণালয় কর্তৃক নির্ধারণ করে দেয়া হবে।

৬। সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

(ক) তিন পার্বত্য জেলায় সরকারি ভাতাপ্রাপ্ত এবং ভাতাবিহীন হেডম্যান ও কার্বারীদের নাম,ঠিকানা, ছবি ও মোবাইল নম্বরসহ মৌজা অনুসারে পৃথক ভাবে তালিকা ৩০ নভেম্বর/২০১৬ তারিখের মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। সভাপতি ও সাধারণ সম্পাদক সিএইটি হেডম্যান নেটওয়ার্ক এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

(খ) মতবিনিময় সভায় পার্বত্য জেলাসমূহের হেডম্যানদের এবং কার্বারীদের মধ্যে কারা বক্তব্য প্রদান করবেন তাদের নাম,ঠিকানা, ছবি মোবাইল নম্বরসহ আগামী ১৫ ডিসেম্বর/২০১৬ তারিখের মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। সভাপতি ও সাধারণ সম্পাদক সিএইটি হেডম্যান নেটওয়ার্ক এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

(গ) পার্বত্য জেলাসমূহের দায়িত্বপ্রাপ্ত হেডম্যাদের কার্যালয় নির্মাণের জন্য জরুরী ভিত্তিতে ডিপিপি তৈরি করতে হবে। অতিরিক্ত সচিব(উন্নয়ন) এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

(ঘ) হেডম্যান ও কার্বারীদের ঢাকায় আসা ও যাওয়ার বিষয়ে তিন পার্বত্য জেলা পরিষদ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

(ঙ) জেলা উন্নয়ন ও সমন্বয় সভায় এবং উপজেলা উন্নয়ন ও সমন্বয় সভায় সিএইচটি হেডম্যান নেটওয়ার্কের ০১(এক)জন প্রতিনিধি রাখার জন্য তিন পার্বত্য জেলা পরিষদের চেয়ারম্যান এবং জেলা প্রশাসকগণ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

৭। সভায় আর কোন আলোচ্যসুচী না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

স্বাক্ষরিত/-
২৩/১১/২০১৬
(নব বিক্রম কিশোর ত্রিপুরা, এনডিসি)
সচিব
পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়।

অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য

নং-২৯.০০.০০০০.২১৪.১৩৭.২০৯.২০১৬/৩০৮ তারিখ: ২৩/১১/২০১৬খ্রি:

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। অতিরিক্ত সচিব (প্রশাসন /উন্নয়ন), পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। চেয়ারম্যান, রাঙ্গামাটি/খাগড়াছড়ি/বান্দরবান পার্বত্য জেলা পরিষদ।
২। যুগ্মসচিব(সকল), পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। উপসচিব(সকল), পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। উপপ্রধান, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫। জেলা প্রশাসক, রাঙ্গামাটি/খাগড়াছড়ি/বান্দরবান পার্বত্য জেলা।
৬। মুখ্য নির্বাহী কর্মকর্তা, রাঙ্গামাটি/খাগড়াছড়ি/বান্দরবান পার্বত্য জেলা পরিষদ।
৭। জনসংযোগ কর্মকর্তা, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮। জনাব চিং কিউ রোয়াজা, সভাপতি,হেডম্যান এসোসিয়েশন, রাঙ্গামাটি পার্বত্য জেলা।
৯। জনাব থোয়াই অং মারমা, সাংগঠনিক সম্পাদক, সিএইচটি হেডম্যান নেটওয়ার্ক, কল্যাণপুর,উপজেলা-সদর, রাঙ্গামাটি পার্বত্য জেলা।
১০। জনাব শান্তি বিজয় চাকমা,সাধারন সম্পাদক,সিএইচটি হেডম্যান নেটওয়ার্ক, কল্যাণপুর,উপজেলা-সদর,রাঙ্গামাটি ।
১১। জনাব কংজরী চৌধুরী, সভাপতি,সিএইচটি হেডম্যান নেটওয়ার্ক, কল্যাণপুর, উপজেলা-সদর, রাঙ্গামাটি পার্বত্য জেলা।
১২। জনাব শক্তিপদ ত্রিপুরা, সহ-সভাপতি,সিএইচটি হেডম্যান নেটওয়ার্ক, কল্যাণপুর, উপজেলা-সদর, রাঙ্গামাটি ।
১৩। মিজ আনেউ চৌধুরী, সদস্য,সিএইচটি হেডম্যান নেটওয়ার্ক, কল্যাণপুর, উপজেলা-সদর, রাঙ্গামাটি পার্বত্য জেলা।
১৪। জনাব স্বদেশ প্রীতি চাকমা, সদস্য,সিএইচটি হেডম্যান নেটওয়ার্ক, কল্যাণপুর, উপজেলা-সদর, রাঙ্গামাটি
১৫। জনাব উনিলা মারমা,সদস্য, সিএইচটি হেডম্যান নেটওয়ার্ক, কল্যাণপুর, উপজেলা-সদর, রাঙ্গামাটি পার্বত্য জেলা।
১৬। জনাব টিং মং প্রু, সাধারণ সম্পাদক,হেডম্যান এসোসিয়েশন, বান্দরবান পার্বত্য জেলা।
১৭। জনাব মং নু মারমা, সদস্য,সিএইচটি হেডম্যান নেটওয়ার্ক, কল্যাণপুর, উপজেলা-সদর, রাঙ্গামাটি পার্বত্য জেলা।

২৩/১১/১৬

(মিনারা নাজমীন)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯৫৪৫০০৮।
Email: a.mochta@ yahoo.com